গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

**বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর কার্যক্রম ১.৩ অনুযায়ী সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনদের অংশগ্রহণে অনুষ্ঠিত ১ম ত্রৈমাসিক সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | স্মৃতি কর্মকার<br>ব্যবস্থাপনা পরিচালক |
| সভার তারিখ | ১৩ সেপ্টেম্বর ২০২৩ |
| সভার সময় | বেলা ২:৩০ টা |
| স্থান | প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (সম্মেলন কক্ষ) |
| উপস্থিতি | ‘পরিশিষ্ট’ |

২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় গণভবন সরকারি উচ্চ বিদ্যালয় (একজন শিক্ষক প্রতিনিধি ও দুইজন শিক্ষার্থী), শহীদ শেখ রাসেল সরকারি উচ্চ বিদ্যালয় (একজন শিক্ষক প্রতিনিধি, একজন শিক্ষার্থী ও ০১জন অভিভাবক), বাংলাবাজার সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ( ০১ জন শিক্ষক প্রতিনিধি, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), কচিকণ্ঠ উচ্চ বিদ্যালয় ( ০১ জন শিক্ষক প্রতিনিধি, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), জামেয়াই হযরত আবু বকর ছিদ্দিক রা: দাখিল মাদরাসা (০১ জন সুপার, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক), বেঙ্গালী মিডিয়াম হাইস্কুল (প্রধান শিক্ষক, ০১ জন শিক্ষার্থী ও ০১ জন অভিভাবক) থেকে মোট ০৬ জন শিক্ষক, ০৭ জন শিক্ষার্থী ও ০৫ জন অভিভাবক, ০২ জন থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, (ক্যান্টনমেন্ট ও কাফরুল) এবং ঢাকা ট্রিবিউন এর ০১ সাংবাদিক প্রতিনিধিসহ মোট একুশ জন অংশীজন হিসেবে উপস্থিত ছিলেন। সভাপতি সভায় অংশগ্রহণকারী বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, অভিভাবক, শিক্ষার্থী, থানা মাধ্যমিক শিক্ষা অফিসার এবং সাংবাদিক প্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের বিভিন্ন আর্থিক সহায়তা সম্পর্কে তাদের অভিজ্ঞতা, সমস্যা ও সুপারিশ উন্মুক্তভাবে তুলে ধরার আহবান জানান। পাশাপাশি সকল শিক্ষাপ্রতিষ্ঠান প্রধান/প্রতিনিধিগণকে প্রকৃত দরিদ্র শিক্ষার্থীদের নিকট ট্রাস্টের উপবৃত্তি ও আর্থিক সহায়তা কার্যক্রমের তথ্য ব্যপক প্রচারের অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ট্রাস্টের জাতীয় শুদ্ধাচার কৌশল (NIS) কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এ অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ উপস্থাপন করেন। প্রতিষ্ঠানপ্রধান এবং স্কুলের ম্যানেজিং কমিটিকে প্রকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থী ব্যতীত কোনো সচ্ছল পরিবারের শিক্ষার্থীদের উপবৃত্তি ও আর্থিক সহায়তার আবেদনে সুপারিশ না করার অনুরোধ জানিয়ে শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণের নিকট পত্র প্রেরণের জন্য সভায় অনুরোধ জানানো হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

**৩.০ সিদ্ধান্ত:**

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|
| ১. | শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণ প্রকৃত অসচ্ছল পরিবারের শিক্ষার্থী ব্যতীত সচ্ছল পরিবারের শিক্ষার্থীরা যাতে উপবৃত্তি ও আর্থিক সহায়তার আবেদন করতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন এবং বিষয়টি সংশ্লিষ্ট উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারগণ মনিটরিং করবেন। বিষয়টি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে অবহিত করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বরাবর পত্র প্রেরণ করতে হবে। | স্কিম পরিচালক (যুগ্ম সচিব)<br>সমন্বিত উপবৃত্তি কর্মসূচি<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট<br>এবং<br>সহকারী পরিচালক (উপবৃত্তি)<br>প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট |

৪.০ সভায় আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা সম্পন্ন হওয়ায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৬-০৯-২০২৩
স্মৃতি কর্মকার
ব্যবস্থাপনা পরিচালক
০২-৮১৯২২০০
md@pmeat.gov.bd

**নম্বর:** ৩৭.২৪.০০০০.০০৪.০৬.০০১.১৮.৮৮

তারিখ: ১১ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ
২৬ সেপ্টেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। পরিচালক , পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
২। স্কিম পরিচালক, সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
৩। যুগ্মসচিব, পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
৪। সহকারী পরিচালক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
৫। সহকারী পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
৬। সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
৭। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ওয়েবসাইটে আপলোডের জন্য অনুরোধ করা হলো);
৮। ব্যক্তিগত সহকারী, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
৯। ব্যক্তিগত সহকারী, পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১০। ডাটা এন্ট্রি অপারেটর (চলতি দায়িত্ব), উপ-পরিচালকের দপ্তর, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১১। ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১২। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), পরিকল্পনা ও উন্নয়ন শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১৩। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১৪। হিসাব রক্ষক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১৫। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, অর্থ ও হিসাব শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১৬। অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক, উপবৃত্তি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট;
১৭। ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট এবং
১৮। ডাটা এন্ট্রি অপারেটর, আইসিটি শাখা , প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট।

২৭-০৯-২০২৩
স্মৃতি কর্মকার
ব্যবস্থাপনা পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**

(১) সভার হাজিরা _20230920_0002